

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৬১৪

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যেসব মসজিদে সফর করা মুস্তাহাব

ذِكْنُ الْمُسَاجِدِ الْمُسْتَحَبِّ لِلْمَنْءِ الرِّحْلَةُ إِلَيْهَا

আরবী

1614 _ أَخْبَرَنَا عُمَرُ بْنُ مُحَمَّدِ الْهَمْدَانِيُّ حَدَّثَنَا عِيسَى بْنُ حَمَّادٍ أَخْبَرَنَا اللَّيْثُ بْنُ سَعْدٍ حَدَّثَنِي أَبُو الزُّبَيْرِ عَنْ جَابِرٍ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (إِنَّ خَيْرَ مَا رُكبت إِلَيْهِ الرَّوَاحِلُ مَسْجِدي هَذَا وَالْبَيْتُ الْعَتِيقُ)

الراوي: جَابِر | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1614 | خلاصة حكم المحدث: صحيح ـ ((الصحيحة)) (1648).

বাংলা

১৬১৪. জাবির রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "বাহনে চড়ে যেসব জায়গায় সফর করা হয়, তন্মধ্যে উত্তম জায়গা হলো আমার এই মসজিদ এবং বাইতুল আতীক বা মাসজিদে হারাম।"[1]

ফটনোট

[1] মুসনাদ আহমাদ: ৩/৩৫০; বাযযার: ১০৭৫; তাহাবী, মুশকিলুল আসার: ১/২৪১; হাইসামী, মাজমা'উয যাওয়াইদ: ৪/৩-৪।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ১৬৪৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন